

স্মারক:- ২৯.৩১.০০০০.০৩২.০৭.০০৪.২২-৯১৩

তারিখ: ০৫/০৭/২০২২ খ্রি.

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন “পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প” এর আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, রাজশামাটিতে প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জন তরুণ-তরুণীকে কম্পিউটার বিষয়ক রিফ্রেশাস, উচ্চতর এবং আউটসোর্সিং বিষয়ে মোট ০৬ (ছয়) মাস ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। এ লক্ষ্যে রাজশামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### ভর্তির যোগ্যতা ও শর্তাবলীঃ-

- কোর্সের নাম : আইসিটি বিষয়ক রিফ্রেশাস, উচ্চতর ও আউটসোর্সিং বিষয়ে প্রশিক্ষণ
- প্রশিক্ষণ কোর্সের মেয়াদ : (১) কম্পিউটার বিষয়ক মৌলিক রিফ্রেশাস প্রশিক্ষণ - ০১ (এক) মাস  
(২) উচ্চতর প্রশিক্ষণ - ০৩ (তিন) মাস  
(৩) আউটসোর্সিং প্রশিক্ষণ- ০২ (দুই) মাস  
উপরি-উক্ত সিডিউল অনুযায়ী প্রথম ব্যাচে ২০ জনকে ০৬ (ছয়) মাসব্যাপী এবং দ্বিতীয় ব্যাচে অবশিষ্ট ২০ জনকে পরবর্তী ০৬ (ছয়) মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে।
- শিক্ষাগত যোগ্যতা : যেকোনো বিভাগ/বিষয়ে স্নাতক/সমমান শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারের দক্ষতা অথবা এসএসসি পাশের পর কম্পিউটার বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী অথবা এইচএসসি পাশের পর কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা/প্রশিক্ষণ। ইংরেজিতে যোগাযোগ দক্ষতাসম্পন্ন (Speaking & Writing) প্রার্থীদের প্রশিক্ষণে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রয়োজনীয় কাগজপত্র : ভর্তির ফরমের সাথে ০২ (দুই) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারে দক্ষতার সনদপত্রের ফটোকপি এবং স্থায়ী বাসিন্দার ফটোকপি ও ভোটার আইডি বা জন্মনিবন্ধনের অনুলিপি দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- অন্যান্য তথ্য : (১) প্রশিক্ষণকালীন থাকা-খাওয়া, পরিবহন ইত্যাদির যাবতীয় ব্যবস্থা সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে।  
(২) প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০/- (এক হাজার টাকা মাত্র) জমা দিতে হবে।

#### ভর্তির আবেদন পত্র সংগ্রহ ও জমা দেয়ার তারিখঃ

আবেদনপত্র গ্রহণ	১২/০৭/২০২২ খ্রিঃ হতে ২৪/০৭/২০২২ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন।
মৌখিক পরীক্ষা গ্রহণ	২৬/০৭/২০২২ খ্রিঃ
প্রশিক্ষণ শুরুর সম্ভাব্য তারিখ	মোবাইলে জানানো হবে।

\* কর্তৃপক্ষ যে কোন কারণে উপরি-উক্ত তারিখ ও সময় পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

#### প্রাসঙ্গিক তথ্য :-

- আইসিটি বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকমন্ডলী দিয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রতি ব্যাচে ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রতিদিন ৩ ঘন্টা করে প্রশিক্ষণ দেয়া হবে (শুক্র ও শনি ব্যতিত)।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে শিক্ষা উপকরণসহ অত্যাধুনিক ও সমৃদ্ধ কম্পিউটার ল্যাবে একটি করে কম্পিউটার সহযোগে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড থেকে সনদ প্রদান করা হবে।

বিস্তারিত তথ্যের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজশামাটিস্থ প্রধান কার্যালয়ে অফিস চলাকালীন যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। বোর্ডের আইসিটি অফিস (কক্ষ নং-১১০) হতে কিংবা বোর্ডের ওয়েবসাইট [www.chtdb.gov.bd](http://www.chtdb.gov.bd) হতে আবেদন ফরম সংগ্রহ করে তা' যথাযথভাবে পূরণপূর্বক অফিস চলাকালীন বোর্ডের আইসিটি অফিস (কক্ষ নং-১১০) এর সামনে রক্ষিত বাস্ত্রে জমা দিতে হবে।

কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি কিংবা এর অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বিরোধিতা করার এবং বোর্ডের নিয়মানুযায়ী প্রশিক্ষণার্থী বাছাইয়ের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

  
০৫/০৭/২০২২  
মংছেনলাইন রাখাইন  
(প্রকল্প পরিচালক)

“পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ প্রকল্প”  
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড  
রাজশামাটি।  
ফোন: ০২৩৩৩০৭২৪৮২